দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 DEC 2004
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষকদের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ ॥ বাগেরহাটে কয়েকটি কলংকজনক ঘটনা

ভ্রাম্যমাণ প্রতিনিধি, বাগেরহাট ॥ বাগেরহাটের মফস্বল এলাকায় স্কুল-কলেজে শিক্ষকদের একের পর এক যৌন নির্যাতনের ঘটনা ঘটছে। পিতৃতুল্য কতিপয় শিক্ষকের যৌন লালসার শিকার হয়ে পল্লী গ্রামের সহজ-সরল মেয়েদের অনেকে আত্মহননের পথ বেছে নিচ্ছে। গ্রামাঞ্চলে এই রকমের নির্যাতনের শিকার অনেক মেয়ে ও তাদের অভিভাবক মান-সম্মানের ভয়ে এ ধরনের ঘটনা আড়াল করে রাখতে বাধ্য হন। শিক্ষকের যৌন নির্যাতনের হাত থেকে রেহাই

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের বিরুদ্ধে

(শেষ পৃষ্ঠার পর)

পেতে সম্প্রতি জেলার চিতলমারীতে এক ছাত্রী আত্মহত্যা করেছে। আত্মহননের এ ঘটনাটি ঘটেছে জেলার চিতলমারীর কুরমণি গ্রামে। চিতলমারী বঙ্গবন্ধু মহিলা কলেজের এইচএসসি পরিক্ষার্থী রুমা বড়াল গত ৭ ডিসেম্বর বাড়ির পাশের একটি গাছে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। শুরুতে কলেজ অধ্যক্ষের কাছে নালিশ করেও সে কোন ফল পায়নি। শেষ পর্যন্ত কর্তৃপক্ষ বাধ্য হয়ে অভিযুক্ত শিক্ষক হরেন্দ্রনাথকে বরখাস্ত করলেও তার লোকজনের হুমকি ও কুপ্রস্তাবের হাত থেকে রেহাই পেতে রুমা বড়াল আত্মহত্যা করে।

এর আগে গত ২০ জানুয়ারী মোল্লাহাটে ইন্দিরা রাণী শিকদার নামে কচুড়িয়া স্কুলের এক এসএসসি পরীক্ষার্থী আত্মহত্যা করে। সে সময় ইন্দিরার পিতা অভিযোগ করেন যে, স্কুলের বিজ্ঞান শিক্ষক তুষার হীরার যৌন নির্যাতনের শিকার হয়ে তার মেয়ে আত্মহত্যা করে। এ ঘটনায় শিক্ষক তুষার এবং ইন্দিরার প্রেমিক ও স্বামী মিঠুলাল মণ্ডলের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। মামলাটি এখন বিচারাধীন। খোঁজ নিয়ে জানা গেছে, পড়াবার সুযোগে, ভালো নোট দেবার প্রলোভন দেখিয়ে এমনকি বিনা পারিশ্রমিকে পড়াবার কথা বলে দুশ্চরিত্র কতিপয় শিক্ষক ছাত্রীদের ওপর যৌন নির্যাতন করে। কখনো কখনো তারা প্রেমের ফাঁদে ফেলে ছাত্রীদের সরলতার সুযোগ নিয়ে তাদের সম্ভ্রমহানি করে সরে পড়ে। কচুয়া মডেল প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বদিউজ্জামানের যৌন নির্যাতনের শিকার এক উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী গত ১৯ ডিসেম্বর বাগেরহাট পিটিআই ক্যাম্পাসে এসে প্রকাশ্যে কীটনাশক পান করে আত্মহত্যার চেষ্টা করে। সে এখন বাগেরহাট সদর হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। অভিযোগ রয়েছে ঐ শিক্ষক বিয়ের প্রলোভন দেখিয়ে কয়েক বছর ঐ ছাত্রীর সাথে দৈহিক সম্পর্ক স্থাপন করে। অতি সম্প্রতি আর একটি মেয়েকে ঐ শিক্ষক বিবাহ করে। গত ২৩ সেপ্টেম্বর চিতলমারীর সাবোখালী গ্রামের পঞ্চপল্লী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর দুই ছাত্রী তাদের অভিভাবকদের কাছে অভিযোগ করেছে যে, বিনা টাকায় পড়াবার নামে প্রধান শিক্ষক অরুণ মণ্ডল তাদের ডেকে যৌন নির্যাতন করে। এই ঘটনা স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি পর্যন্ত গড়ায়। কিন্তু শেষ পর্যন্ত স্কুলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবার ভয়ে বিষয়টি ধামাচাপা দেয়া হয়।